
# গৃহঋণ বার্তা

বিএইচবিএফসি'র ত্রৈমাসিক বুলেটিন

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন

৪র্থ বর্ষ
২য় সংখ্যা

জানুয়ারি-মার্চ ২০১৫ খ্রি.





## মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন

গত ২৬ মার্চ যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্যদিয়ে বাংলাদেশের মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন করা হয়। কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার বিএইচবিএফসি কর্তৃক এ দিবসটি পালনের আনুষ্ঠানিকতায় নেতৃত্ব প্রদান করেন। এদিন প্রত্যুষে তিনি প্রথমে ধানমন্ডিস্থ ৩২-নম্বর সড়কে জাতির জনকের বাসভবনের সামনে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে স্বাধীনতার রূপকারের প্রতি শ্রদ্ধা জানান।

এসময় কর্পোরেশনের বিপুলসংখ্যক কর্মকর্তা-কর্মচারী শ্রদ্ধা নিবেদনে অংশ গ্রহন করেন। এরপর বেলা দশটার দিকে ব্যবস্থাপনা পরিচালক সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে স্বাধীনতা সংগ্রামে আত্মোৎসর্গকারী শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে পুষ্পস্তবক অর্পণ করেন। এ সময় কর্পোরেশনের সকল বিভাগের ঊর্ধ্বতন কর্মকর্তাগণসহ প্রতিষ্ঠানটির বিপুলসংখ্যক কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন। দিবসটিতে শ্রদ্ধানিবেদন অনুষ্ঠানে কর্পোরেশনের সদর দফতর ছাড়াও প্রতিষ্ঠানটির ঢাকা, নারায়নগঞ্জ ও সাভারস্থ মোট সাতটি জোনাল অফিসের কর্মকর্তা-কর্মচারীগণ অংশগ্রহণ করেন। এ উপলক্ষ্যে বিএইচবিএফসি শাখা, বঙ্গবন্ধু পরিষদ ও বঙ্গমাতা পরিষদের পক্ষ থেকেও স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়।

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপনের প্রস্তুতিস্বরূপ কর্পোরেশনের সদর দফতর ভবনটি বর্ণাঢ্য আলোকসজ্জায় সাজানো হয়।

# পর্ষদ সভায় ঋণ আদায় নীতিমালা অনুমোদন



পর্ষদ সভায় চেয়ারম্যান শেখ আমিনউদ্দিন আহমেদ

গত ১২ ফেব্রুয়ারি কর্পোরেশনের পর্ষদ সভাকক্ষে পরিচালনা পর্ষদের ৪১৩-তম সভায় কর্পোরেশনের আদায় নীতিমালা-২০১৫ অনুমোদিত হয়। পর্ষদ চেয়ারম্যান শেখ আমিনউদ্দিন আহমেদ এ সভায় সভাপতিত্ব করেন। পর্ষদের সকল পরিচালকবৃন্দ সভায় উপস্থিত ছিলেন। অনুমোদিত এ নীতিমালার আলোকে সদর দফতর আদায় বিভাগ গত ৪ ফেব্রুয়ারি এক সার্কুলার (নম্বর-০০৩.২.২০১৫)-এর মাধ্যমে এ নীতিমালা সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে অবগত করে।

এ নীতিমালা অনুযায়ী মামলাধীন নয় এমন খেলাপী ঋণ কেইসে পর্যায়ক্রমে প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় বা চূড়ান্ত তাগিদপত্র দিয়ে গ্রহীতাকে নির্দিষ্ট সময়সীমার মধ্যে খেলাপী অর্থ পরিশোধের জন্য অনুরোধ করতে হবে। এসব তাগিদপত্র দেয়ার সাথে সাথে তাদের সাথে টেলিফোন অথবা মোবাইলে আলাপ, ব্যক্তিগত যোগাযোগ এবং মোবাইলে খুদে বার্তা (এসএমএস) প্রদানের জন্যও নির্দেশনা দেয়া হয়েছে। এ ধরনের ঋণের খেলাপী অর্থ আদায়ে সর্বশেষ ব্যবস্থা হিসেবে বিশেষ তাগিদপত্র এবং লিগ্যাল নোটিশ প্রদানের বিধান রাখা হয়েছে।

নতুন এ নীতিমালায় ঋণের কিস্তি নির্ধারণ চূড়ান্ত ব্যবস্থা হিসেবে মামলা দায়েরকরণে পরিপালনীয় নিয়মাচার, অসমাপ্ত ঋণ কেইসের কিস্তি রিফিক্সকরণ, ঋণ পুনঃতফসিলীকরণ, প্রযোজ্য ক্ষেত্রে ঋণের মেয়াদ বৃদ্ধিকরণে অবশ্য পালনীয় নিয়মকানুনের উল্লেখ রয়েছে।

প্রসঙ্গত, চলতি পঞ্জিকা বর্ষের প্রথম তিন মাসে পরিচালনা পর্ষদের মোট পাঁচটি সভা অনুষ্ঠিত হয়। এসব সভায় কর্পোরেশনের অবকাঠামো উন্নয়নে পুরকৌশল সংক্রান্ত প্রকল্প, প্রশাসন ও মানবসম্পদ উন্নয়ন বিষয়াবলির উপর বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

# নিয়মিত মাসিক বিশেষ সভায় সার্বিক কর্মকান্ড পর্যালোচনা



বিশেষ মাসিক সভায় ব্যবস্থাপনা পরিচালক ও উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ

গত ১২ মার্চ বেলা ১১ টায় কর্পোরেশনের পর্ষদ সভাকক্ষে ৪২-তম মাসিক বিশেষ সভা অনুষ্ঠিত হয়। সভায় কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার সভাপতিত্ব করেন। সদর দফতরের সকল বিভাগের বিভাগীয় প্রধান, ঢাকাস্থ জোনাল অফিসসমূহের জোনাল ম্যানেজারগণ এবং সদর দফতরে কর্মরত প্রিন্সিপাল অফিসার ও তদুর্ধ পর্যায়ের সকল কর্মকর্তাবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।

বিএইচবিএফসি'র সার্বিক কার্যক্রম মনিটরিং, পর্যালোচনা ও মূল্যায়নের লক্ষ্যে প্রতিমাসে এ সভা অনুষ্ঠানের প্রচলন করা হয় ২০১১ সালের আগস্ট মাসে। বর্তমান ব্যবস্থাপনা পরিচালক ২০১১ সালের জুলাই মাসে কর্পোরেশনে যোগদানের পর এ সভা অনুষ্ঠানের প্রচলন করেন। সাম্প্রতিক বছরগুলোতে প্রতিষ্ঠানটির সার্বিক কর্মকান্ডে উন্নয়ন ও গতিশীলতা অর্জিত হওয়ার পেছনে এ সভার গুরুত্ব অনেক।

অনিবার্য কারণে সাম্প্রতিক সময়ে আদায় তৎপরতায় সদর দফতর কর্মকর্তাদের ফিল্ড অফিস পরিদর্শন এবং গ্রহীতাদের সাথে ব্যক্তিগত যোগাযোগ কর্মসূচি ব্যাহত হওয়ায় ব্যবস্থাপনা পরিচালক উদ্বেগ প্রকাশ করেন। এ প্রসঙ্গে তিনি সংশ্লিষ্টদের টেলিফোনে শ্রেণীকৃত খেলাপী ঋণ আদায় তৎপরতা আরো জোরদার করার নির্দেশ দেন। আগামী ১লা বৈশাখ সামনে রেখে শুভ নববর্ষ ও হালখাতা অনুষ্ঠান উপলক্ষে ট্যুর প্রোগ্রাম আয়োজনের বিষয়েও তিনি সংশ্লিষ্টদের নির্দেশ দেন।

সভায় চলতি অর্থবছরে কর্পোরেশনের সার্বিক ব্যবসায়িক অর্জন সংক্রান্ত তথ্য-উপাত্ত পর্যালোচনা, আদায় ও ঋণদান পরিস্থিতির মূল্যায়ন এবং ঋণযোগ্য তহবিলের সংস্থান সংক্রান্তে প্রতিষ্ঠানের উদ্যোগ সম্পর্কে আলোচনা করা হয়। সবশেষে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে কর্পোরেশনের আনুষ্ঠানিকতার আয়োজন-প্রস্তুতি বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

# ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা ও শহীদ দিবস উদ্‌যাপন



কর্পোরেশনের সদর দফতর প্রাঙ্গনে নির্মিত শহীদ মিনার

গত ২১ ফেব্রুয়ারি দেশের সর্বত্র যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্যদিয়ে অন্তর্জাতিক মাতৃভাষা ও শহীদ দিবস উদ্‌যাপন করা হয়। এদিন বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের সদর দফতর প্রাঙ্গনস্থ শহীদ মিনারে কর্পোরেশনের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের পক্ষ থেকে ভাষা শহীদের স্মৃতির প্রতি শ্রদ্ধা ও সম্মান জানিয়ে পুষ্পস্তবক অর্পণ করা হয়। দিনের প্রথমভাগে কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার উপস্থিত শতশত কর্মকর্তা-কর্মচারীদের সাথে নিয়ে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন।

কর্পোরেশনের সদর দফতর ছাড়াও ঢাকা, নারায়নগঞ্জ ও সাভারস্থ সাতটি জোনাল অফিসের পক্ষ থেকেও এসময় ভাষা শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা ও সম্মান জানিয়ে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়। ২২, পুরানা পল্টনস্থ কর্পোরেশনের সদর দফতর ভবনের সরকারী-বেসরকারী বিভিন্ন প্রতিষ্ঠান ও নিকটবর্তী অঞ্চলের নানা সংগঠন ও সাধারণ মানুষ এসময় শহীদ বেদীতে শ্রদ্ধা নিবেদন করে। প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারী ও বিভিন্ন প্রতিষ্ঠান এবং সংগঠনের পক্ষ থেকে উপস্থিত লোকসমাগমে এসময় বিএইচবিএফসি প্রাঙ্গন মুখরিত হয়ে ওঠে। এ উপলক্ষ্যে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা পরিষদ, বিএইচবিএফসি শাখা এবং কর্মচারী সংগঠনের পক্ষ থেকেও শহীদদের প্রতি আলাদাভাবে শ্রদ্ধা নিবেদন করা হয়।

সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে নিজস্ব শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করছেন ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার




দিবসটি ঘিরে আনুষ্ঠানিকতার দ্বিতীয় পর্বে কর্পোরেশনের শহীদ মিনারের সন্নিকটে ‘একুশের চেতনা ও গুরুত্ব এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস’ প্রসঙ্গে এক উন্মুক্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা ও কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার দেশের মুক্তি সংগ্রামে ভাষা আন্দোলনের তাৎপর্যপূর্ণ প্রভাব সম্পর্কে আলোচনা করেন। জাতীয় জীবনে এ দিবসটির গুরুত্ব সম্পর্কে কতিপয় উচ্চপদস্থ কর্মকর্তাও তাঁদের বক্তব্য তুলে ধরেন।

## ইন্টারনাল কন্ট্রোল ও অডিট শীর্ষক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত




উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা রাখছেন পরিচালনা পর্ষদের চেয়ারম্যান শেখ আমিনউদ্দিন আহমেদ (মাঝে), বামে উপবিষ্ট ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার

ইন্টারনাল কন্ট্রোল ও অডিট শীর্ষক স্বল্প মেয়াদী এক প্রশিক্ষণ কোর্স সম্প্রতি কর্পোরেশনের প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়। গত ২২ ফেব্রুয়ারি কর্পোরেশন পরিচালনা পর্ষদের চেয়ারম্যান শেখ আমিনউদ্দিন আহমেদ প্রধান অতিথি হিসেবে এ কোর্সের শুভ উদ্বোধন করেন। দুই দিন ব্যাপী অনুষ্ঠিত এ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার। প্রতিষ্ঠানের অফিসার ও সিনিয়র অফিসার পর্যায়ের ৩০ জন কর্মকর্তা এ কোর্সে অংশগ্রহণ করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বিএইচবিএফসি প্রশিক্ষণ কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (এজিএম) জামিল আহমেদ এবং বিভিন্ন বিভাগের উর্ধতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠানের দৈনন্দিন কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করনে ইন্টারনাল কন্ট্রোল ও অভ্যন্তরীণ অডিটের গুরুত্ব সমধিক। অনুসৃত বিধিবিধান অনুযায়ী শুদ্ধতার সাথে কর্মকান্ড পরিচালনা ও আয়-ব্যায়ের হিসাব শুদ্ধতার সাথে রক্ষিত হচ্ছে কি-না এতদ্বিষয় পর্যবেক্ষনে একটি পরীক্ষিত উপযোগী একটি পন্থা। কর্পোরেশনের উদীয়মান কর্মকর্তাদের এ কাজে পারদর্শী করে তোলার লক্ষ্যে ইন্টারনাল কন্ট্রোল ও অডিট শীর্ষক এ কোর্সের আয়োজন করা হয়।

কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি তাঁর বক্তৃতায় প্রশিক্ষণের গুরুত্ব সম্পর্কে উল্লেখ করেন। কর্মকর্তাদের পেশাগত কাজের মনোন্নয়ন তথা নিজেকে প্রতিষ্ঠানের জন্য উপযোগী ও মূল্যবান করে তোলার ক্ষেত্রে প্রশিক্ষণের গুরুত্ব অপরিসীম। এ প্রসঙ্গে তিনি বিশিষ্ট উক্তি 'Training is necessary for value addition-এর উল্লেখ করে এ কোর্স থেকে প্রশিক্ষণার্থীদের নিজ মনোন্নয়নের আহ্বান জানান।

## সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠান




একজন প্রশিক্ষণার্থীকে সনদপত্র তুলে দিচ্ছেন উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) ড. দৌলতুন্নাহার খানম

গত ২৩ ফেব্রুয়ারি অপরাহ্ন ৫টায় কর্পোরেশন প্রশিক্ষণ কেন্দ্রে কোর্সটির সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। সদর দফতর প্রশাসন বিভাগের উপ-মহাব্যবস্থাপক ড. দৌলতুন্নাহার খানম প্রধান অতিথি হিসেবে প্রশিক্ষণার্থীদের হাতে সনদপত্র তুলে দেন। এসময় আদায় বিভাগের উপ-মহাব্যবস্থাপক মো. আফজাল করিম এবং প্রশিক্ষণ কেন্দ্র প্রধান জামিল আহমদ উপস্থিত ছিলেন।

## গত তিনমাসে বহিঃ প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ গ্রহণসংক্রান্ত তথ্য

প্রশিক্ষণার্থীর নাম : জনাব জামিল আহমেদ, সহকারী মহাব্যবস্থাপক
কোর্সের নাম : এটিওটি
প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান: বিএসটিডি

প্রশিক্ষণার্থীর নাম : মো. রকিব দোজা আকন্দ, সিনিয়র অফিসার
কোর্সের নাম : অফিস অটোমেশন
প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান : এনএপিডি

প্রশিক্ষণার্থীর নাম : মো. তারেক ইমতিয়াজ খান, প্রোগ্রামার
কোর্সের নাম : এটুআই প্রোগ্রাম
প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান: মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়

প্রশিক্ষণার্থীর নাম : মো. মামুনুর রশিদ, অফিসার
কোর্সের নাম : রক্ষণাবেক্ষণ বিষয়ক প্রশিক্ষণ
প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান : ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটি

# বিএইচবিএফসি'র শীতবস্ত্র বিতরণ




টাঙ্গাইল জেলার ঘাটাইলে শীতবস্ত্র বিতরণ করছেন ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার (বাঁয়ে দ্বিতীয়)। সর্ববামে তাঁর সহধর্মিনী মরিয়ম বেগম

সম্প্রতিকালে প্রতি শীত মৌসুমে দেশের বিভিন্ন অঞ্চলের গরিব ও দুঃস্থ শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ কর্মসূচি পালন করছে বিএইচবিএফসি। রাষ্ট্র অর্পিত দায়িত্ব পালন এবং প্রাতিষ্ঠানিক লাভালাভের হিসাব নিকাশের বাইরে সামাজিক দায়বদ্ধতার বিষয়েও কর্পোরেশন কর্তৃপক্ষ সম্যক সচেতন। সে প্রেক্ষিতে মানব সেবা ও সমাজকল্যাণমূলক কার্যক্রমের অংশ হিসেবে সদ্য বিগত শীতে বিএইবিএফসি শীতবস্ত্র বিতরণের এ কর্মসূচি পালন করে।

**টাঙ্গাইল ঃ** সম্প্রতি টাঙ্গাইল জেলার ঘাটাইল উপজেলার দরিদ্র ও অসহায় শীতার্ত মানুষের মাঝে কর্পোরেশন শীতবস্ত্র বিতরণ করে। কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার প্রধান অতিথি হিসেবে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে শীতার্তদের হাতে শীতবস্ত্র তুলে দেন। ঘাটাইল উপজেলা পরিষদের চেয়ারম্যান নজরুল ইসলাম খান সামু এ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঘাটাইল উপজেলার নির্বাহী অফিসার ড. উম্মে আফসারী জহুরা। এ সময় বিএইচবিএফসি ব্যবস্থাপনা পরিচালকের সহধর্মিনী মরিয়ম বেগম, কর্পোরেশনের ময়মনসিংহ জোনাল ও টাঙ্গাইল রিজিওনাল অফিসের ব্যবস্থাপক যথাক্রমে পারভীন আকতার ও আনন্দ কুমার ঘোষ এবং এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।



সাতক্ষীরা জেলার তালা উপজেলায় শীতবস্ত্র বিতরণ

**সাতক্ষীরা ঃ** গত ৪ফেব্রুয়ারি কর্পোরেশনের ব্যবস্থাপনায় সাতক্ষীরা জেলার তালা উপজেলার খেশরা ইউনিয়নে দারিদ্র প্রবীণ, অসহায় শিশু ও প্রতিবন্ধীদের মাঝে কম্বল বিতরণ করা হয়। ইউনিয়নের তেথরিয়া প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে তালা উপজেলা পরিষদ চেয়ারম্যান ঘোষ সনৎ কুমার ও উপজেলা নির্বাহী অফিসার মো. মাহবুবুর রহমান কর্পোরেশনের পক্ষে এ শীতবস্ত্র বিতরণ করেন। এসময় বিএইচবিএফসি'র খুলনা আঞ্চলিক অফিসের ব্যবস্থাপক মো. আব্দুল হামিদ খান এবং স্থানীয় গণমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

**খুলনা ঃ** গত ১১ ফেব্রুয়ারি খুলনা জেলার পাইকগাছা উপজেলার শীতার্ত দুঃস্থ নারী ও শিশুদের মাঝে কর্পোরেশনের পক্ষ থেকে শীতবস্ত্র বিতরণ করা হয়। উপজেলা চেয়ারম্যান স.ম বাবর আলী, উপজেলা নির্বাহী অফিসার মো. কবির হোসেন এবং বিএইচবিএফসি. খুলনা জোনাল অফিসের জোনাল ম্যানেজার মো. আব্দুল হামিদ খান শীতার্তদের মাঝে এ শীতবস্ত্র বিতরণ করেন।



খুলনা জেলার পাইকগাছা উপজেলায় শীতবস্ত্র বিতরণ

**বাগেরহাট :** বাগেরহাটের মংলা উপজেলার দরিদ্র, এতিম শিশু ও প্রতিবন্ধীদের মাঝে শীতবস্ত্র হিসেবে কর্পোরেশনের পক্ষে কম্বল বিতরণ করা হয়। বাগেরহাট-৩, আসনের সাবেক সংসদ সদস্য হাবিবুন নাহার তালুকদার এবং কর্পোরেশনের খুলনা আঞ্চলিক অফিসের ব্যবস্থাপক মো. আব্দুল হমিদ খান শীতার্তদের হাতে শীতবস্ত্র তুলে দেন। গত ১ ফেব্রুয়ার আয়োজিত এ শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে খুলনা অফিসের সহ মহাব্যবস্থাপক মো. রুহুল আমীন এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।



বাগেরহাট জেলার মংলা উপজেলায় শীতবস্ত্র বিতরণ

**ঠাকুরগাঁও ঃ** কর্পোরেশনের আয়োজনে গত ৫ জানুয়ারি ঠাকুরগাঁও জেলা সদরের দুঃস্থ শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়। ঠাকুরগাঁও সদর উপজেলার নির্বাহী অফিসার মো. গোলাম আযম এবং কর্পোরেশনের দিনাজপুর রিজিওনাল অফিসের ব্যবস্থাপক দুঃস্থদের হাতে শীতবস্ত্র তুলে দেন।

**পঞ্চগড় :** গত ৫ জানুয়ারি পঞ্চগড় জেলার বোদা উপজেলার শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করে বিএইচবিএফসি। উপজেলা নির্বাহী অফিসার মো. আব্দুল আউয়াল, মুক্তিযোদ্ধা কমান্ডার প্রফেসর মো. আব্দুর রহমান এবং কর্পোরেশনের দিনাজপুর অফিসের ম্যানেজার মো. আব্দুল হোসেন শীতার্তদের মাঝে এ শীতবস্ত্র বিতরণ করেন। এসময় অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিবৃন্দ এবং এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

# বিদায় সংবর্ধনা



ডিএমডি পদে পদোন্নতিপ্রাপ্ত আফরোজা গুল নাহার-কে কর্পোরেশনের ক্রেস্ট তুলে দিচ্ছেন ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার

গত ১ মার্চ কর্পোরেশনের একজন মহাব্যবস্থাপক ও তিনজন উপ-মহাব্যবস্থাপকের বিদায় সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। সদর দফতরের পর্যদ সভা কক্ষে আয়োজিত এ অনুষ্ঠানে প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার সভাপতিত্ব করেন। সভায় সদর দফতর ও জোনাল অফিস, জোন-৩ এর ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত থেকে বিদায়ী কর্মকর্তাদের এ সংবর্ধনা প্রদান করেন। উচ্চতর পদোন্নতি, চাকুরিজীবনের মেয়াদপূর্তি এবং স্বেচ্ছা অবসরজনিত কারণে কর্পোরেশন কর্তৃপক্ষ এসব কর্মকর্তাদের আন্তরিক বিদায় অনুষ্ঠানের মধ্যদিয়ে সম্মানিত করে।

তিনবছরেরও বেশি সময় ধরে বিএইচবিএফসি'র মহাবিভাগ -১ -এ দায়িত্ব পালন শেষে বেগম আফরোজা গুল নাহার সম্প্রতি জনতা ব্যাংক লি. এ যোগদান করেন। রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (রাকাব)-এ দীর্ঘকালের চাকুরির পর সরকার তাকে মহাব্যবস্থাপক পদে পদোন্নতি দিয়ে বিএইচবিএফসি-তে পদায়ন করে। সাম্প্রতিক বছরগুলোতে বিএইচবিএফসি-তে সূচিত উন্নয়ন কর্মকান্ডে আফরোজা গুল নাহার অনবদ্য ভূমিকা রাখেন।

বিদায় সংবর্ধনার এ অনুষ্ঠানের অন্যান্য বিদায়ী কর্মকর্তাবৃন্দ হলেন যথাক্রমে মিসেস ফাহমিদা খানম, মো. জাহাঙ্গীর হোসেন এবং মোস্তাক আহমেদ। এ তিনজন কর্মকর্তা প্রতিষ্ঠানের বিভিন্ন বিভাগের স্বনামধন্য উপ-মহাব্যবস্থাপক হিসেবে কৃতিত্বের সাথে দায়িত্ব পালন করেন। বিদায়ী এসব কর্মকর্তাদের সাথে চাকুরীকালীন বিভিন্ন স্মৃতি, অভিজ্ঞতা অর্জন এবং উষ্ণ-আন্তরিক সান্নিধ্য লাভের বিষয় উল্লেখ করে উপস্থিত কর্মকর্তাবৃন্দ বক্তব্য রাখেন। বিদায়ী কর্মকর্তাদের সম্মাননার স্মারকস্বরূপ বিএইচবিএফসি'র লেগো খোচিত ক্রেস্ট, ফুলের তোড়া এবং উপহারসামগ্রী তুলে দেওয়া হয়। কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার উর্ধতন কর্মকর্তাদের সাথে নিয়ে তাঁদের হাতে এসব উপহারসামগ্রী তুলে দেন। কর্পোরেশনের এমডি ড. মো. নূরুল আলম তালুকদার তাঁর বক্তৃতায় বিদায়ী কর্মকর্তাদের সাথে সৌহার্দপূর্ণ পরিবেশে কাজের স্মৃতিচারণ করেন। প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে তাঁর নেতৃত্বে সকল কাজে সর্বাত্মক আন্তরিক সহযোগিতা করার জন্য তিনি তাঁদেরকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বিদায়ীদের উন্নততর ও সাফল্যমন্ডিত দীর্ঘ জীবন সুস্বাস্থ কামনা করেন।

**উপ-মহাব্যবস্থাপক আব্দুল গণি ঃ** কর্পোরেশনের উপ-মহাব্যবস্থাপক জনাব আব্দুল গণি'র অবসরোত্তর ছুটিতে গমন উপলক্ষ্যে এক বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে আয়োজন করা হয়। সদর দফতরের পর্ষদ সভাকক্ষে গত ৩১ মার্চ এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। অনুষ্ঠানে সদর দফতরের এসপিও ও তদুর্ধ্ব পর্যায়ের সকল কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

জনাব আব্দুল গণি ১৯৯৬ সালে সহকারী মহাব্যবস্থাপক হিসেবে বিএইচবিএফসি-তে যোগদান করেন। এর পূর্বে তিনি পূবালী ব্যাংকে কর্মকর্তা ছিলেন।

অনুষ্ঠানে বিদায়ী কর্মকর্তা দীর্ঘদিনের সহকর্মীবৃন্দ স্মৃতিচারণমূলক বক্তব্য রাখেন।

সভাপতির বক্তৃতায় ব্যবস্থাপনা পরিচালক তাঁকে একজন যোগ্য মেধাবী কর্মকর্তা আখ্যা দিয়ে কর্পোরেশন দীর্ঘদিন তাঁর শূন্যতা বোধ করবে মর্মে উল্লেখ করেন। অনুষ্ঠানের শেষ পর্যায়ে বিদায়ী কর্মকর্তার হাতে কর্পোরেশনের লগো খচিত ক্রেস্ট ফুলের তোড়া এবং উপহার সামগ্রী তুলে দেয়া হয়।



ব্যবস্থাপনা পরিচালকের হাত থেকে ক্রেস্ট গ্রহণ করছেন জনাব মো. আব্দুল গণি

# শোক সংবাদ




বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের অবসরপ্রাপ্ত সিনিয়র অফিসার জনাব মাহফিল উদ্দিন গত ১ জানুয়ারি, রোজ রবিবার সকাল ১০ টায় ঢাকাস্থ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। জনাব মাহফিল উদ্দিন ১৯৫৫ সালে টাঙ্গাইল জেলার গোপালপুর থানায় সূতিপোটলপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন। কিন্ত ২৩ মার্চ ১৯৭৮ তারিখে তিনি কর্পোরেশনের চাকুরিতে যোগদান করেন। কর্মজীবনে তিনি অত্যন্ত নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেন।

মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৯ বছর। তিনি স্ত্রী, তিন ছেলে ও পাঁচ মেয়েসহ বহু আত্মীয়স্বজন ও শুভাকাঙ্খী রেখে গেছেন। বিএইচবিএফসি'র কর্মকর্তা-কর্মচারীবৃন্দের পক্ষ হতে মরহুমের মৃত্যুতে বিদেহী আত্মার মাগফেরাত কামনাসহ তাঁর শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করা যাচ্ছে।

# অবসরোত্তর ছুটিতে গমণ

প্রবাহমান সময়ের স্রোতধারায় প্রবীনের প্রস্থান এবং নতুনের আগমন এক অমোঘ বিধান। নিয়মানুযায়ী সরকারি চাকুরির জন্য নির্ধারিত বয়স পূর্তি এবং সেচ্ছা অবসরের কারণে গত তিন মাসে কর্পোরেশনের বেশ কয়েকজন কর্মকর্তা-কর্মচারী অবসরোত্তর ছুটিতে গমন করেন। এঁরা হলেন ঃ

| | নাম ও পদবী | সর্বশেষ কর্মস্থল | শেষ কর্মদিবস |
|---|---|---|---|
|  | মো. আব্দুল গণি<br>মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব) | মহাবিভাগ-৩<br>সদর দফতর | ৩১ মার্চ ২০১৫খ্রি. |
|  | মোস্তাক আহমেদ<br>উপ- মহাব্যবস্থাপক | কম্পিউটার ও তথ্য বিভাগ<br>সদর দফতর, ঢাকা | ৩১ জানুয়ারি ২০১৫ খ্রি. |
|  | মো. শহীদুল্লাহ<br>সহকারী মহাব্যবস্থাপক | ঋণ বিভাগ<br>সদর দপ্তর | ৯ জানুয়ারি ২০১৫ খ্রি. |
|  | আ.ফ.ম আনোয়ার পাশা<br>সহকারী মহাব্যবস্থাপক | সংস্থাপন ও সাধারণ সেবা বিভাগ,সদর দপ্তর | ২১ ফেব্রুয়ারি ২০১৫ খ্রি. |
|  | মো. আব্দুর রাজ্জাক<br>প্রিন্সিপাল অফিসার | জোনাল অফিস<br>রংপুর | ২৬ ফেব্রুয়ারি ২০১৫ খ্রি. |
|  | মো. ইউনুছ<br>সিনিয়র অফিসার | জোনাল অফিস<br>চট্টগ্রাম | ১১ জানুয়ারি ২০১৫ খ্রি. |
|  | মো. দেলোয়ার হোসেন<br>সিনিয়র অফিসার | জোনাল অফিস<br>খুলনা | ২৫ জানুয়ারি ২০১৫খ্রি. |
|  | মো. মফিজুল ইসলাম<br>সহকারী প্রকৌশলী | জোনাল অফিস<br>জোন-১<br>ঢাকা | ১মার্চ ২০১৫ খ্রি. |
|  | শ্রী জিতেন্দ্র নাথ সরকার<br>অফিসার | জোনাল অফিস<br>চট্টগ্রাম | ২৮ ফেব্রুয়ারি ২০১৫ খ্রি. |
| | মো. ফজলুর রহমান<br>লিফট্‌ম্যান | জোনাল অফিস<br>জোন-২<br>ঢাকা | ১১ ফেব্রুয়ারি ২০১৫ খ্রি. |
| | আব্দুল মান্নান আকন্দ<br>অফিস সহায়ক | জোনাল অফিস<br>জোন-৬, ঢাকা | ১৯ জানুয়ারি ২০১৫খ্রি. |
| | মো. মাহবুব আলম<br>অফিস সহায়ক | আদায় বিভাগ<br>সদর দফতর, ঢাকা | ৩০ জানুয়ারি ২০১৫খ্রি. |



স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে একটি কবিতা

## নালিশ

মো. বদিউজ্জামান

হাজার মাইলের দুরত্বতো বটেই
পৃথক দু'খানা ভূখন্ডের জল-হাওয়া
এবং গাছ-গাছালি, পাখ-পাখালি
ফুল-ফল, ফসলে-ফলনেও বিস্তর ব্যবধান।
পক্ষান্তরে প্রায়শ: ভ্রাতৃত্বের দোহাই ওঠে
এবং অবান্তর যুক্তির এসব দোহাই শুনে
মর্মান্তিক মুঢ়তার অপরিমেয় মূল্য পরিশোধের জন্য
প্রমাদ গুনি।

পরীক্ষিত সব ভুল মানুষের সাথে
সামান্যতম সুখ-স্মৃতি ছাড়া
কেবল বিরোধ আর বিসম্বাদেই কেটেছে দু-দুটি যুগ
তথাপি এসব মানুষের সাথে মিলনের মোহে আজও
তার উচাটন মন।

কথিত ভ্রাতৃত্বের গল্পে ভাইয়েদের আকার-প্রকার
চোখ-চেহারা-চুলের রঙ একদমই আলাদা।
উপরন্তু সবচেয়ে বড় আফসোস এই যে –
ওরা মানুষের দুর্বলতম অনুভূতিটুকু পুঁজি করে
অন্তরালে পেশাদার প্রতিপক্ষ হয়ে খেলা করে।

পাড়া-মহল্লার ক্রিকেট মাঠের কোন একপ্রান্তে
বুড়োদের আড্ডায়
কিংবা সমবয়সীদের চায়ের আসরে
পতিত ইতিহাস নিয়ে লোকটা প্রায়শ: অনর্গল বকে –
দেখেও না দেখার ভান করি; বিরোধের বারুদটা
তাপিত করিনা সহসা।
ফলত, তা শিশুপার্ক, ছোটদের পাঠশালা – সর্বত্রই
দিনের পর দিন তিনি নির্দ্বিধায় গেয়ে চলেন।

যুদ্ধ-দিনের ঘারের গামছাটাসহ টুকিটাকি এটা-সেটা
এখনো সংগ্রহে আছে; শুধু অস্ত্রটাই কাছে নেই।
তাছাড়া নতুন প্রজন্ম ইতোমধ্যে হয়েছে যথেষ্ট বড়,
তাই দৈনিকের পাতায় নালিশ রটিয়ে দিলাম আজ।
সেই সাথে আমার একটা প্রশ্ন এই যে
এগোষ্ঠের কিছু লোক আজও নির্দ্বিধায়
অমুক-তমুক জিন্দাবাদ বলে যাবে
আর আমাকে আমৃত্যু তা শুনে যেতে হবে নাকি ?

# প্রধানমন্ত্রীর মুখ্য সচিবকে কর্পোরেশন এমডি'র শুভেচ্ছা




জনাব আজাদ (সামনের সারিতে বাঁ থেকে দ্বিতীয়)-কে ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জানাচ্ছেন ড. মো. নূরুল আলম তালুকদার (ডান থেকে তৃতীয়)

রাষ্ট্র প্রশাসনের মেধাবী ও কৃতি কর্মকর্তা মো. আবুল কালাম আজাদ মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব পদে নিয়োগ পাওয়ায় বিভিন্ন প্রতিষ্ঠান ও সংগঠনের পক্ষ থেকে তাঁকে শুভেচ্ছা ও সংবর্ধনা প্রদান করা হয়। বৃহত্তর ময়মনসিংহ সমন্বয় পরিষদের (জিএমসিসি) কেন্দ্রিয় কমিটি গত ১৮ ফেব্রুয়ারি তাঁকে সংবর্ধিত করে। বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ও জিএমসিসি'র নির্বাহী চেয়ারম্যান ড. মো. নূরুল আলম তালুকদার জনাব আজাদের হাতে ফুলের তোড়া তুলে দিয়ে তাঁকে শুভেচ্ছা জানান। ঢাকার শান্তিনগরস্থ স্কাউট ভবনে জিএমসিসি'র কেন্দ্রিয় কমিটির চতুর্থ সভায় তাঁকে এ শুভেচ্ছা ও সংবর্ধনা প্রদান করা হয়। উল্লেখ্য, মো. আবুল কালাম আজাদ বৃহত্তর ময়মনসিংহ সমন্বয় পরিষদ কেন্দ্রিয় কমিটির সম্মানিত চেয়ারম্যান।

জনাব মো. আবুল কালাম আজাদ বিসিএস (প্রশাসন) ক্যাডারের একজন চৌকস কর্মকর্তা। প্রশাসনের বিভিন্ন পর্যায়ে কৃতিত্বপূর্ণ অবদানের পর সম্প্রতি তিনি মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব পদে নিয়োগ পান। বৃহত্তর ময়মনসিংহ সমন্বয় পরিষদ আয়োজিত এ অনুষ্ঠানে পরিষদের মহাসচিব প্রকৌশলী রাশেদুল হাসান শেলী, বিটিভি'র সাবেক মহাপরিচালক ম. হামিদ ও কিশোরগঞ্জ জেলা সমিতির সভাপতি প্রকৌশলী মোহাম্মদ ইউসুফসহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

# উপ-মহাব্যবস্থাপক পদে পদোন্নতি পেলেন চার এজিএম

সম্প্রতি কর্পোরেশনের চার জন সহকারী মহাব্যবস্থাপক পদোন্নতি পেয়ে উপ-মহাব্যবস্থাপক পদে অভিষিক্ত হয়েছেন। গত ২২ ডিসেম্বর অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪১২-তম সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী এ পদোন্নতি দেয়া হয়। বিএইচবিএফসি সদর দফতর প্রশাসন বিভাগ গত ১৫ জানুয়ারি ও ২৫ মার্চ পৃথক দুটি অফিস আদেশের মাধ্যমে এসব কর্মকর্তাদের পদোন্নতি ও পোষ্টিং প্রদান করে। পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ হলেনঃ জনাব এবিএম মহিউদ্দিন, মীর মোফাজ্জল হোসেন, অরুণ কুমার চৌধুরী এবং মো. শহীদুজ্জামান। পদোন্নতি প্রাপ্ত এসব কর্মকর্তা ইতোমধ্যে কর্পোরেশনের বিভিন্ন জোনাল কার্যালয়ে অফিস প্রধান (জোনাল ম্যানেজার) হিসেবে কাজে যোগদান করেছেন। পদোন্নতির এ অফিস আদেশ অনুযায়ী উপ-মহাব্যবস্থাপক এবিএম মহিউদ্দিন-কে জোনাল অফিস, চট্টগ্রাম, উপ-মহাব্যবস্থাপক মীর মোফাজ্জল হোসেনকে জোনাল অফিস, রাজশাহীর, উপ-মহাব্যবস্থাপক অরুণ কুমার চৌধুরীকে জোনাল অফিস, জোন-৩ ঢাকা এবং মো. শহীদুজ্জামানকে জোনাল অফিস খুলনার জোনাল ম্যানেজার পদে পদায়ন করা হয়েছে।

জনাব এবিএম মহিউদ্দিন বিগত ১৪ ফেব্রুয়ারি ১৯৯৬ তারিখে সহকারী প্রকৌশলী হিসেবে এবং মীর মোফাজ্জল হোসেন ও অরুণ কুমার চৌধুরী ৬ ফেব্রুয়ারি ১৯৯৬ তারিখে সিনিয়র অফিসার হিসেবে কর্পোরেশনের চাকুরীতে যোগদান করেন। জনাব মো. শহীদুজ্জামান বিগত ১ মার্চ ১৯৯৩ তারিখ আইন অফিসার হিসেবে কর্পোরেশনে কর্মজীবন শুরু করেন। কর্মজীবনে তাঁরা সদর দফতরের বিভিন্ন বিভাগ এবং জোনাল ও রিজিওনাল অফিসে অত্যন্ত সুনাম ও সততার সাথে দায়িত্ব পালন করেন।



শুভ নববর্ষ

১৪২২ বঙ্গাব্দ এর শুভেচ্ছা



প্রধান পৃষ্ঠপোষক ঃ ড. মো. নূরুল আলম তালুকদার, ব্যবস্থাপনা পরিচালক

সম্পাদক মন্ডলী ঃ ড. দৌলতুন্নাহার খানম, মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব)
মো. বদিউজ্জামান, সিনিয়র প্রিন্সিপাল অফিসার

প্রকাশনা ঃ পরিকল্পনা ও মানবসম্পদ উন্নয়ন বিভাগ, বিএইচবিএফসি
২২, পুরানা পল্টন, ঢাকা -১০০০, E-mail : bhbfc@bangla.net
Web : www.bhbfc.gov.bd